সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
অস্থায়ী কার্যালয়ঃ চৌহাট্টা, সিলেট-৩১০০।

স্মারক নং-এসএমইউ/উপা.কার্যা./০১/২৫/১৪৫

তারিখঃ০৫/১১/২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী শূণ্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | নিয়োগ প্রক্রিয়া ও বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১. | রেজিস্ট্রার<br>বেতন স্কেল:<br>৫৬৫০০-৭৪৪০০/-<br>গ্রেড-০৩ | সরাসরি<br>অনূর্ধ্ব-৫৫<br>(পঞ্চান্ন) বছর | ০১(এক)টি | শিক্ষাগত যোগ্যতা<br>প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪/৫ বছরের স্নাতক/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। এমবিবিএস ব্যতীত অন্যান্য ক্ষেত্রে শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমগ্রেড (সিজিপিএ ন্যূনতম ২.৫) থাকতে হবে।<br>অভিজ্ঞতা<br>প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/ স্বায়ত্তশাসিত/বিধিবদ্ধ প্রতিষ্ঠানে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৪র্থ গ্রেডের অতিরিক্ত রেজিস্টার পদে কমপক্ষে ০২ (দুই) বছর অথবা ৫ম গ্রেডের উপ-রেজিস্টার পদে ০৫(পাঁচ) বছরসহ ৭ম গ্রেডের সহকারী রেজিস্ট্রার এবং ৯ম গ্রেড ও তদুর্ধ্ব পদে মোট ১৫ (পনের) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার ক্ষেত্রে দপ্তর সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বিবেচনায় নেয়া হবে।<br>প্রার্থীকে অফিস ব্যবস্থাপনাসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। |
| ২. | উপ-পরীক্ষা নিয়ন্ত্রক<br>বেতন স্কেল:<br>৪৩০০০-৬৯৮৫০/-<br>গ্রেড-০৫ | সরাসরি<br>বয়স<br>অনূর্ধ্ব-৪৫<br>(পঁয়তাল্লিশ)<br>বছর | ০১(এক)টি | শিক্ষাগত যোগ্যতা<br>প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪/৫ বছরের স্নাতক/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। এমবিবিএস ব্যতীত অন্যান্য ক্ষেত্রে শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/ শ্রেণি/সমগ্রেড (সিজিপিএ ন্যূনতম ২.৫) থাকতে হবে।<br>অভিজ্ঞতা<br>প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/ স্বায়ত্তশাসিত/ বিধিবদ্ধ প্রতিষ্ঠানে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ম গ্রেডের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক পদে ০৫(পাঁচ) বছরসহ এবং ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পদে মোট ১০(দশ) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার ক্ষেত্রে দপ্তর সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বিবেচনায় নেয়া হবে।<br>প্রার্থীকে অফিস ব্যবস্থাপনাসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। |
| ৩. | পিএস টু ভিসি<br>বেতন স্কেল :<br>২৯০০০-৬৩৪১০/-<br>গ্রেড-০৭ | সরাসরি<br>বয়স<br>অনূর্ধ্ব-৪০<br>(চল্লিশ) বছর | ০১(এক)টি | শিক্ষাগত যোগ্যতা<br>প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪/৫ বছরের স্নাতক/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। এমবিবিএস ব্যতীত অন্যান্য ক্ষেত্রে শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমগ্রেড(সিজিপিএ ন্যূনতম ২.৫) থাকতে হবে।<br>অভিজ্ঞতা<br>প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/ স্বায়ত্তশাসিত/ বিধিবদ্ধ প্রতিষ্ঠানে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯ম গ্রেডের সেকশন অফিসার/ প্রকিউরমেন্ট অফিসার/নিরাপত্তা কর্মকর্তা/ স্টোর অফিসার/প্রিভেন্টিভ কর্মকর্তা বা তদুর্ধ গ্রেডের পদে অন্যুন ০৫ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার ক্ষেত্রে দপ্তর সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বিবেচনায় নেয়া হবে।<br>প্রার্থীকে অফিস ব্যবস্থাপনাসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। |

**আবেদন করার নিয়মাবলী**

২. আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবেঃ

ক. সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
খ. প্রার্থীদের বয়স আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিনে গণনা করা হবে।
গ. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
ঘ. নিয়োগের ক্ষেত্রে সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
ঙ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই প্রয়োজনীয় সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে;
চ. প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দওয়া হবে না;
ছ. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;
জ. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী লিখিত/মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে;

CamScanner

ঝ. সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

*ঞ. সকল নিয়োগ প্রক্রিয়ায় নিয়োগ সময়কালের কোটা সংক্রান্ত সরকারি বিধিবিধান প্রযোজ্য হবে।*

৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://smu.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০/১১/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫/১১/২০২৫ খ্রিষ্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ 100 সর্বোচ্চ,KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ থেকে ৩ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ২০০) -/দুইশত টাকা ও (Teletalk এর সার্ভিস চার্জ ২৩ টাকাসহ মোট -/২২৩) -/দুইশত তেইশটাকা অনধিক ( ২৪ (চব্বিশ)) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।" SMS নিয়মাবলী: প্রথম SMS : **SMU<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **SMU ABCDEF** & send to 16222

Reply: Applicant's Name, TK. 223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **SMU** <Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **SMU<space>Yes<space> PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **SMU Yes 12345678** & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for **SMU** Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://smu.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: **SMU**, Post Name: • • •, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(জ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

- শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারক চক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৫/১১/২৫

(অধ্যাপক ডাঃ মোঃ ইসমাইল পাটওয়ারী)

উপাচার্য

সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।

CamScanner